


# বেকারত্ব বিমা এবং সুবিধা লাভের মেয়াদ শেষের (BYE) তারিখ

যেসকল নিউইয়র্কবাসীদের সুবিধা প্রাপ্তির মেয়াদ শেষের (BYE) তারিখ শীঘ্রই আসতে চলেছে, তারা যাতে যত দ্রুত সম্ভব তাদের প্রাপ্য নতুন বা বর্ধিত সুবিধা লাভ করতে পারেন, তা নিশ্চিত করতে NYS DOL সেটির নির্দেশিকা আপডেট করেছে।

"BYE তারিখ" হল সেই তারিখ যে তারিখে কোনও ব্যক্তির বেকারত্ব বিমা (UI)-র দাবির মেয়াদ শেষ হয় - দাবি জানানোর BYE তারিখ চলে গেলে, সেই দাবির সাপেক্ষে কোনও অতিরিক্ত সুবিধা আপনি পেতে পারবেন না। আপনার দাবির BYE তারিখ জানতে, লগ ইন করুন **labor.ny.gov/signin**-এ আপনার **NY.gov** ইউজারনেম ও পাসওয়ার্ড সমেত এবং "বেকরত্ব পরিষেবা"-র অধীনে "অর্থ প্রদানের ইতিহাস দেখুন"-এ ক্লিক করুন (উদাহরণ হিসাবে নিচে দেখুন)।

| | |
|---|---|
| ভাতা কার্যকর হওয়ার শুরুর তারিখ: | [illegible] |
| **সুবিধা লাভের মেয়াদ শেষের তারিখ:** | [illegible] |
| সাপ্তাহিক সুবিধা লাভের পরিমাণ: | [illegible] |
| প্রদেয় সর্বোচ্চ পরিমাণ: | [illegible] |
| অবশিষ্ট যে ক'দিন ভাতা পাওয়া বাকি আছে: | [illegible] |

**UI-এর দাবিদার:** আপনার দাবি সেটির BYE তারিখে এসে পৌঁছালে, আপনার প্রাথমিক দাবি দায়ের করার পর থেকে আপনার কাজের ইতিহাস ও ভিন্ন উপায়ে প্রাপ্ত কর্মসংস্থান থেকে আয় করা মজুরির ভিত্তিতে যুক্তরাষ্ট্রীয় প্রোগ্রামের অধীনে বর্ধিত সুবিধা **বা** সম্পূর্ণ কোনও নতুন দাবির জন্য আপনি যোগ্য বিবেচিত হতে পারেন। উদাহরণস্বরূপ:

- **যদি আপনি কোনও নিয়োগকর্তার অধীনে কাজ না করে থাকেন অথবা কোনও নিয়োগকর্তার অধীনে কাজ করেছেন অথচ আপনার প্রাথমিক দাবি দায়ের করার পর থেকে আপনার সাপ্তাহিক সুবিধার হারের 10 গুণ অর্থরাশি আয় করেননি, সেক্ষেত্রে:** আপনার চলতি দাবিটি প্রত্যয়িত করা জারি রাখুন। আপনি আপনার চলতি দাবিটি প্রত্যয়িত করা জারি রাখতে পারেন। যদি আপনি আবার কাজে যোগ না দেন, তাহলে আপনাকে পুনরায় আবেদন জানাতে হবে না, কিন্তু যদি পুনরায় আবেদন জানান, তাহলে নতুন কোনও দাবির জন্য আপনার যোগ্যতা আমরা বিবেচনা করে দেখব।
- **যদি আপনি কোনও নিয়োগকর্তার অধীনে কাজ করেছেন এবং আপনার প্রাথমিক দাবি দায়ের করার পর থেকে আপনার সাপ্তাহিক সুবিধার হারের 10 গুণ অর্থরাশি আয় করেছেন, সেক্ষেত্রে:** আপনার অবশ্যই একটি নতুন দাবি দায়ের করা প্রয়োজন। যদি আপনি কোনও মেয়াদ উত্তীর্ণ হওয়া দাবির সাপেক্ষে দাবি জানানো জারি রাখেন, তাহলে আপনার সুবিধাগুলি পাওয়া বন্ধ হয়ে যেতে পারে।

যদি আপনার নতুন কোনও দাবি দায়ের করার দরকার হয়, তাহলে নতুন কোনও দাবি দায়ের করার সবথেকে সেরা উপায় হল অনলাইন। **labor.ny.gov/signin**-এ যান এবং "একটি দাবি দায়ের করুন"-এ ক্লিক করুন। অন্যভাবে, **888-209-8124**-এ ফোন করে আমাদের স্বয়ংক্রিয় টেলিফোন পরিষেবার মাধ্যমেও আপনি নতুন কোনও দাবি দায়ের করতে পারেন। নতুন কোনও দাবি দায়ের হলে, (1) আপনি নতুন কোনও UI দাবির জন্য যোগ্য কিনা অথবা (2) আপনার চলতি দাবির ভিত্তিতে আপনার ক্ষেত্রে বর্ধিত সুবিধা লাভ করা জারি থাকবে কিনা, তা আমরা নির্ধারণ করব।

**যদি আপনি 2021 সালের মার্চ বা এপ্রিল মাসে সুবিধা লাভের জন্য কোনও দাবি দায়ের করেন, তাহলে যে তারিখে সুবিধা লাভের নতুন দাবি আপনার দায়ের করা উচিত, তা নির্ভর করে আপনার পদবির শেষ অক্ষরের উপরে:**

- **A – F:** আপনার BYE তারিখ উত্তীর্ণ হওয়ার পরবর্তী মঙ্গলবার আপনার নতুন দাবি দায়ের করুন
- **G – N:** আপনার BYE তারিখ উত্তীর্ণ হওয়ার পরবর্তী বুধবার আপনার নতুন দাবি দায়ের করুন
- **O – Z:** আপনার BYE তারিখ উত্তীর্ণ হওয়ার পরবর্তী বৃহস্পতিবার আপনার নতুন দাবি দায়ের করুন

UI প্রাপক দাবিদারদের BYE তারিখ শীঘ্রই এসে গেলে, NYS DOL তাদেরকে ইমেল, টেক্সট মেসেজ ও ইমেলের মাধ্যমে ডকুসাইন ফর্ম পাঠাবে। আপনার প্রাপ্য সুবিধাগুলি লাভ করতে ইমেলে এবং/অথবা টেক্সট মেসেজে দেওয়া নির্দেশাবলী মেনে চলুন এবং ডকুসাইন ফর্ম পূরণ করুন।

7 মার্চ, 2021-এ বা তার পরে ও পরবর্তী কোনও তারিখে শেষ হওয়া দাবিরগুলি এই নতুন নির্দেশিকার দ্বারা প্রভাবিত হয়।

**PUA-এর দাবিদার:** যুক্তরাষ্ট্রীয় আইন অনুসারে, অতিমারী বেকারত্ব সহায়তা (PUA) প্রাপক দাবিদারদের দাবি যদি BYE তারিখ উত্তীর্ণ হয়ে যায়, তাহলে তাদের আবার আবেদন জানানোর প্রয়োজন **নেই**। PUA প্রোগ্রাম জারি থাকাকালীন, বেকার থাকা দাবিদারদের প্রাপ্য সুবিধাগুলি লাভ করতে তাদের প্রত্যয়িত করা জারি রাখা উচিত।

যদি আপনি আপনার দায়ের করার নির্ধারিত তারিখে দায়ের না করতে পারেন, তাহলে আপনার BYE তারিখ উত্তীর্ণ হওয়ার পরে **শুক্রবার**-এ অথবা পরবর্তী কোনও সপ্তাহে নির্ধারিত দিনে আপনি আপনার নতুন দাবি দায়ের করতে পারেন। আপনার নতুন দাবির প্রক্রিয়াকরণ করতে 2-3 সপ্তাহ লাগলেও আপনার নতুন সুবিধাপ্রাপ্তির হারে বকেয়া সমস্ত সুবিধা আপনাকে মেটানো হবে। আপনার নতুন দাবি দায়ের করার পরে, বেকার থাকাকালীন আপনাকে সাপ্তাহিকভাবে প্রত্যয়িত করা জারি রাখতে হবে।

## প্রায়শ জিজ্ঞাসিত প্রশ্নাবলী:

### প্র: আমি UI বা PUA সুবিধা পাচ্ছি কিনা, তা কীভাবে বোঝা যাবে?

আপনি বর্তমানে UI নাকি PUA সুবিধা পাচ্ছেন, তা জানার কয়েকটি উপায় রয়েছে:

1. আপনার প্রাথমিক দাবি দায়ের করার পরে, আপনার মেলের মাধ্যমে যোগ্যতা নির্ধারণের বিজ্ঞপ্তি সংক্রান্ত একটি চিঠি পাওয়া উচিত, যাতে উল্লেখ করা থাকবে যে আপনি UI নাকি PUA-এর যোগ্য।
2. প্রতিবার প্রত্যয়নের সময় যদি আপনাকে COVID-19 সংক্রান্ত প্রশ্ন জিজ্ঞাসা করা হয়, তাহলে বুঝতে হবে আপনি PUA সুবিধা পাচ্ছেন।
3. UI ও PUA প্রাপক নিউ ইয়র্কবাসীদের সুবিধা লাভের মেয়াদ শেষের তারিখ এগিয়ে আসলে NYS DOL তাদের মেসেজ ও ইমেল করে সে বিষয়ে অবগত করে। যখন আপনি ইমেলটি পাবেন, সেটির সাবজেক্ট লাইনে উল্লেখ করা থাকবে আপনি UI নাকি PUA পাচ্ছেন।

অনুগ্রহ করে খেয়াল করুন: অতিমারির সময় বেকার হয়ে যাওয়ার মানে সর্বদা এই নয় যে আপনি PUA সুবিধা পেতে চলেছেন।

### প্র: আমি আমার সাপ্তাহিক সুবিধা লাভের হারের দশ গুণ আয় করেছি না, তা কীভাবে নির্ধারণ করব?

আপনি আপনার সাপ্তাহিক সুবিধা লাভের হারের দশ গুণ আয় করেছেন কিনা, তা নির্ধারণ করতে আপনার সাপ্তাহিক সুবিধা লাভের পরিমাণকে 10 দিয়ে গুণ করুন। সুবিধা লাভের জন্য আপনার প্রাথমিক দাবি দায়ের করার দিন থেকে সেই মোট পরিমাণের থেকে যদি বেশি আয় করে থাকেন, তাহলে আপনাকে অবশ্যই সুবিধা পেতে আবার আবেদন জানাতে হবে।

### প্র: কীভাবে আমি আমার BYE তারিখ ও সাপ্তাহিক সুবিধা লাভের হার দেখতে পাব?

আপনার অনলাইন অ্যাকাউন্টে আপনার অর্থ প্রদানের ইতিহাসে আপনার BYE তারিখ ও সাপ্তাহিক সুবিধা লাভের হার দেখতে পাওয়া যাবে। আপনার দাবির BYE তারিখ উত্তীর্ণ হওয়ার পরে আপনি যদি কোনও সাপ্তাহিক প্রত্যয়ন জমা দেন, তাহলে DOL এছাড়াও আপনাকে জানাতে পারে যে সুবিধা লাভের জন্য নতুন কোনও দাবি জানানোর এখনই সময়।

### প্র: আমি PUA-এর সুবিধা পাচ্ছি, কিন্তু অনলাইন সিস্টেমে আমাকে বলা হচ্ছে নতুন দাবি দায়ের করতে। আমার কী করা উচিত?

আপনি PUA-এর সুবিধা লাভ করছেন কিনা, তা দ্বিতীয়বার যাচাই করুন। যদি লাভ করেন, তাহলে আপনি এই বার্তাটিকে উপেক্ষা করতে পারেন এবং বেকার থাকাকালীন প্রতি সপ্তাহে প্রত্যয়ন করা জারি রাখতে পারেন।

### প্র: সুবিধা পেতে আবার আবেদন জানানোর সবথেকে সেরা উপায় কী? আবার সুবিধা পাওয়া চালু হতে কত সময় লাগবে?

নতুন কোনও দাবি দায়ের করার সবথেকে সেরা উপায় হল অনলাইন। **labor.ny.gov/signin**-এ যান এবং "একটি দাবি দায়ের করুন"-এ ক্লিক করুন। **888-209-8124**-এ ফোন করে আমাদের স্বয়ংক্রিয় টেলিফোন পরিষেবার মাধ্যমেও আপনি নতুন কোনও দাবি দায়ের করতে পারেন। নতুন কোনও দাবির জন্য যদি আপনি যোগ্য বিবেচিত হন, তাহলে আপনার দাবিটির প্রক্রিয়াকরণ করতে আবার সুবিধা পাওয়া শুরু হওয়ার আগে 2-3 সপ্তাহ সময় লাগতে পারে। আপনার প্রাপ্য সমস্ত সুবিধা আপনাকে মেটানো হবে, যার অন্তর্গত দাবির প্রক্রিয়াকরণ চলাকালীন বকেয়া থাকা যেকোনও প্রাপ্য অর্থ। আপনার নতুন দাবি অনুমোদিত না হওয়া পর্যন্ত আপনাকে সাপ্তাহিকভাবে প্রত্যয়িত করা জারি রাখতে হবে।

আপনার সুবিধা লাভের নতুন আবেদনের অনুমোদন যাতে খুব দ্রুত হয়, তা নিশ্চিত করতে দায়ের করার পূর্বে নিম্নলিখিত সবকিছু আপনার কাছে রয়েছে কিনা, সে বিষয়ে নিশ্চিত হয়ে নিন:

- আপনার নিউ ইয়র্ক স্টেটের ড্রাইভারের লাইসেন্স বা মোটর গাড়ির ID কার্ডের নম্বর (যদি আপনার কোনও একটি থাকে)
- আপনার সম্পূর্ণ চিঠি পাঠানোর ঠিকানা ও জিপ কোড
- একটি ফোন নম্বর যার মাধ্যমে সোম - শনি 8 am – 5 pm-এর মধ্যে আমরা আপনার সঙ্গে যোগাযোগ করতে পারি
- আপনার অস্থায়ী নাগরিক নিবন্ধন (এলিয়েন রেজিস্ট্রেশন) কার্ড নম্বর (যদি আপনি U.S.-এর নাগরিক না হন এবং আপনার একটি কার্ড থাকে)

- বিগত 18 মাসে কাজ করেছেন, আপনার এরকম সকল নিয়োগকর্তার নাম ও ঠিকানা, যার মধ্যে অন্য স্টেটের ব্যক্তিরাও অন্তর্ভুক্ত; যদি আপনি অন্য কোনও স্টেটে কাজ করে থাকেন, সেক্ষেত্রে সেই স্টেটে আপনাকে দায়ের করতে হতে পারে, ।
- আপনার সাম্প্রতিকতম নিয়োগকর্তার নিয়োগকর্তা নিবন্ধন নম্বর বা যুক্তরাষ্ট্রীয় নিয়োগকর্তা শনাক্তকরণ নম্বর (FEIN) (আপনার W-2 ফর্মগুলিতে FEIN দিতে হবে)
- আপনি যদি কোনও যুক্তরাষ্ট্রীয় কর্মী হন, তাহলে আপনার ফর্ম SF8 ও SF50 -এর প্রতিলিপি
- মিলিটারি পরিষেবার ক্ষেত্রে আপনার সাম্প্রতিকতম পদত্যাগ ফর্ম (DD 214)

**প্র: সুবিধা পেতে নতুন কোনও দাবি জানানোর পরিবর্তে আমি কি আমার বর্তমান UI দাবি বর্ধিত করার আবেদন জানাতে পারি?**

না, যদি আপনি কোনও নিয়োগকর্তার অধীনে কাজ করে থাকেন এবং আপনার সাপ্তাহিক সুবিধার হারের দশ গুণ অর্থরাশি আয় করেন (যার মধ্যে স্ব-কর্মসংস্থান থেকে হওয়া আয় অন্তর্ভুক্ত নয়), সেক্ষেত্রে আপনি আপনার বর্তমান দাবি বর্ধিত করতে পারবেন না। অনলাইনে **labor.ny.gov/signin** -এ অথবা 888-209-8124-এ আমাদের স্বয়ংক্রিয় ফোন পরিষেবা ব্যবহার করার মাধ্যমে আপনার অবশ্যই একটি নতুন দাবি দায়ের করা প্রয়োজন।

**প্র: যদি আমার সাপ্তাহিক সুবিধার হার আমার নতুন UI দাবির ক্ষেত্রে কম হয়, তাহলে আমি কি আমার প্রাথমিক UI দাবি জারি রাখতে পারি?**

আপনি যদি কোনও নতুন UI দাবির যোগ্য হন, তাহলে সুবিধার হার তুলনামূলকভাবে কম হলেও কোনও মেয়াদ উত্তীর্ণ দাবির সাপেক্ষে আপনি সুবিধা লাভ নাও পেতে পারেন।

মেলের মাধ্যমে প্রাপ্ত আপনার নির্ধারণ পত্রতে UI-এর ক্ষেত্রে আপনার সাপ্তাহিক সুবিধার হারের উল্লেখ করা থাকবে। যদি ফর্মে উল্লেখ করা বেতনে ভুল থাকে অথবা কর্মসংস্থান বা আয়ের উল্লেখ না করা থাকে, তাহলে আপনার আর্থিক নির্ধারণ পুনরায় বিবেচনা করতে আপনি জমা করতে পারেন।